

পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর
অনলাইন অ্যাসাইনমেন্ট-৭(বার্ষিক)

শ্রেণিঃ একাদশ
বিষয়ঃ যুক্তিবিদ্যা
পূর্ণমানঃ ৫০

১।

দৃষ্টান্ত-১
সকল ফুল হয় সুন্দর।
জবা হয় ফুল।
∴ জবা হয় সুন্দর।

দৃষ্টান্ত-২
মানুষ মুরগী খায়।
মুরগী পোকা খায়।
∴ মানুষ পোকা খায়।

- ক) সহানুমান কত প্রকার?
খ) মধ্য পদ বলতে কী বুঝ? ব্যাখ্যা কর।
গ) দৃষ্টান্ত-২ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর।
ঘ) দৃষ্টান্ত-১ যে অনুমানকে নির্দেশ করে তার বৈশিষ্ট্য ব্যাখ্যা কর।

২। দৃশ্যকল্প-১ঃ “ঘুম হলো নিদ্রা।”

দৃশ্যকল্প-২ঃ “সিংহ হলো পশুর রাজা।”

দৃশ্যকল্প-৩ঃ “আলো নয় অন্ধকার।”

- (ক) যৌক্তিক সংজ্ঞা কী?
(খ) বাহুল্য সংজ্ঞা অনুপপত্তি কখন ঘটে? ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের দৃশ্যকল্প-১ এ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর।
(ঘ) দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-৩ এর মধ্যে তুলনা মূলক বিশ্লেষণ কর।
৩। জিয়া সাহেব ১৮৬০ সালে ১২ মে ঢাকা জেলায় জন্মগ্রহণ করেন। তার আচরণ শান্ত। তিনি সমাজ সেবা নিয়ে ব্যস্ত থাকেন। ধনি-দরিদ্র নির্বিশেষে সকলের প্রিয়। তিনি একজন বিচক্ষণ ও হাস্যপ্রিয়।
(ক) কোন যুক্তিবিদের মতে বিধেয়ক ৪ প্রকার?
(খ) বিভেদক লক্ষণ বলতে কী বুঝ?
(গ) উদ্দীপকের “বিচক্ষণ” পদটি কোন ধরনের বিধেয়ক? ব্যাখ্যা কর।
(ঘ) উদ্দীপকে ১৮৬০ সালের ১২মে এবং আচরণ শান্ত বিধেয়কের আলোকে বিশ্লেষণ কর।

৪। দৃশ্যকল্প-১: হায়, বাহবা, সাবাস, হয়

দৃশ্যকল্প-২: পাখি হয় জীব।

দৃশ্যকল্প-৩: (ক) মানুষ মরণশীল।

(খ) মানুষ হয় মরণশীল।

- (ক) “Terminus” শব্দের অর্থ কি?
(খ) নিরপেক্ষ ও সাপেক্ষ পদ বলতে কি বুঝ? ব্যাখ্যা কর।
(গ) দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ যুক্তিবিদ্যার কোন বিষয়কে ইঙ্গিত করে? - ব্যাখ্যা কর।
(ঘ) দৃশ্যকল্প-৩ এর ‘ক’ ও ‘খ’ এর মধ্যে তুলনা মূলক বিশ্লেষণ কর।

৫।

দৃশ্যকল্পঃ১	দৃশ্যকল্পঃ২	দৃশ্যকল্পঃ৩
জনি হয় মরণশীল রনি হয় মরণশীল টম হয় মরণশীল সানি হয় মরণশীল ∴ সকল মানুষ হয় মরণশীল	আমি এ পর্যন্ত যত বক দেখেছি সবই সাদা। সুতরাং, সকল বক হয় সাদা।	‘ক’ এবং ‘খ’ এর মধ্যে x,y,z প্রভৃতি বিষয়ে সাদৃশ্য আছে। ক-এর মধ্যে p গুণটি আছে ∴ খ-এর মধ্যেও p গুণটি আছে

- ক) আরোহ কি?
খ) আরোহমূলক লক্ষণ হল আরোহের প্রাণ - ব্যাখ্যা কর।
গ) দৃশ্যকল্পঃ৩ দ্বারা কোন ধরনের আরোহকে নির্দেশ করে? - ব্যাখ্যা কর।
ঘ) দৃশ্যকল্পঃ১ এবং দৃশ্যকল্পঃ২ এর মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর।